দৈনিক সংবাদ

MAY 15 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# র্না'গঞ্জে ছাত্রদলের বিরুদ্ধে এমপির মভিযোগ, তোলারামে কার্যক্রম স্থগিত

নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ বিএনপি থেকে র্বাচিত সাংসদ মুহাম্মদ গিয়াসউদ্দিন মনে রছেন, নারায়ণগঞ্জে ছাত্রদলের কার্যক্রমে তিষ্ঠ স্থানীয় জনগণ এবং ছাত্রদলের ার্যক্রম বর্তমান সরকারের ও দলের াবমূর্তি বিনষ্ট করছে।

সম্প্রতি তোলারাম কলেজ দখল নিয়ে াত্রদলের দু'গ্রুপের মধ্যে উত্তেজনার রিপ্রেক্ষিতে তিনি তোলারাম কলেজে াত্রদলের কার্যক্রম স্থগিত করারও অনুরোধ ানান।

বিএনপি থেকে নির্বাচিত ফতুল্লা-নিদ্ধিরগঞ্জ আসনের সংসদ সদস্য মুহাম্মদ ায়াসউদ্দিন তার প্যাডে ফতুল্লা ও নিদ্ধিরগঞ্জ থানা বিএনপির সভাপতি ও াধারণ সম্পাদকের পাঠানো এক চিঠিতে । সত্য স্বীকার করে কতিপয় পদক্ষেপ াহণের অনুরোধ জানিয়েছেন।

চিঠিতে সাংসদ বলেন, নারায়ণগঞ্জ জলায় ছাত্রদলের বর্তমান কার্যক্রম ামাদের সরকারের এবং দলের ভাবমূর্তি বনষ্ট করছে। স্থানীয় জনগণ তাদের ার্যক্রমে অতিষ্ঠ। এছাড়া প্রকৃত াত্রছাত্রীরা অছাত্রদের ছাত্র সংগঠনের নতৃত্ব দেয়াকে ভাল চোখে দেখছে না এবং ানেপ্রাণে মেনে নিতে পারছে না।

সম্প্রতি সরকারি তোলারাম কলেজে সৃষ্ট টনা শিক্ষার্থীসহ স্থানীয় জনমনে আতঙ্ক সৃষ্টি করেছে। যেকোন মুহূর্তে অনাকাঙ্ক্ষিত যকোন ধরনের ঘটনা ঘটার সম্ভাবনা য়েছে। শিক্ষার সুষ্ঠু পরিবেশ, সুষ্ঠু ছাত্র াজনীতি প্রতিষ্ঠা, সর্বোপরি ারায়ণগঞ্জবাসীর প্রত্যাশা পূরণের মাধ্যমে র্তমান সরকার এবং আমাদের দলের ভাবমূর্তি বৃদ্ধি করার জন্য পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তোলারাম কলেজে ছাত্রদলের কার্যক্রম স্থগিত রাখতে হবে।